



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web: www.dinajpureducationboard.gov.bd, email : dinajpureducationboard@gmail.com



নৈতিকতা কমিটির ১৪/০৭/২০২১ তারিখে জুম ভার্চুয়াল সভার কার্যবিবরণী

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, দিনাজপুরের ১৪/০৭/২০২১ তারিখ সকাল ১১.০০ টায় চেয়ারম্যান প্রফেসর মোঃ আবু বকর সিদ্দিক মহোদয়ের সভাপতিত্বে জুম সফটওয়্যার এর মাধ্যমে নৈতিকতা কমিটির ভার্চুয়াল সভা অনুষ্ঠিত হয়। উক্ত ভার্চুয়াল সভায় নিম্নবর্ণিত সম্মানিত সদস্যগণ অনলাইনে উপস্থিত ছিলেন।

ক্রঃ নং	নাম, পদবি ও ঠিকানা	কমিটিতে পদ মর্যাদা	স্বাক্ষর
০১	প্রফেসর মোঃ আবু বকর সিদ্দিক চেয়ারম্যান মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।	সভাপতি	স্বাক্ষরিত
০২	প্রফেসর মোঃ ফারাজ উদ্দিন তালুকদার কলেজ পরিদর্শক মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।	সদস্য	স্বাক্ষরিত
০৩	জনাব মোঃ আবু হেনা মোস্তফা কামাল বিদ্যালয় পরিদর্শক মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।	সদস্য	স্বাক্ষরিত
০৪	ড. মোঃ আব্দুর রাজ্জাক উপ-সচিব মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।	সদস্য	স্বাক্ষরিত
০৫	জনাব মোঃ আনোয়ার হোসেন হিসাব রক্ষণ অফিসার মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।	সদস্য	স্বাক্ষরিত
০৬	প্রফেসর মোঃ তোফাজ্জুর রহমান পরীক্ষা নিয়ন্ত্রক ও সচিব (অঃদাঃ) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।	সদস্য সচিব	স্বাক্ষরিত


সভাপতি মহোদয় উপস্থিত সকলকে অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়ে ভার্চুয়াল সভা শুরু করেন। তিনি ভার্চুয়াল সভায় উপস্থিত হওয়ার জন্য সদস্যগণকে আন্তরিক ধন্যবাদ জানান। করোনা অতিমারি সময়কালে স্বাস্থ্যবিধি মেনে শিক্ষা বোর্ডের সার্বিক কার্যক্রম পরিচালনার বিষয়ে নির্দেশনা প্রদান করে সংক্ষিপ্ত বক্তব্য রাখেন।

নৈতিকতা কমিটির সদস্যগণের উপস্থিতিতে ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো-এর ৪র্থ ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন স্ব-মূল্যায়ন পদ্ধতিতে মূল্যায়নের লক্ষ্যে ড. মোঃ আব্দুর রাজ্জাক, উপ-সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা খসড়া মূল্যায়ন প্রতিবেদন উপস্থাপন করেন। সম্মানিত সদস্যগণ উক্ত খসড়ার উপর আলোচনা করেন এবং ভবিষ্যতে আরো উন্নত করার লক্ষ্যে মূল্যবান পরামর্শ প্রদান করেন।

বিস্তারিত আলোচনা শেষে প্রণীত ৪র্থ ত্রৈমাসিক স্ব-মূল্যায়িত প্রতিবেদনটি অনুমোদিত হয় এবং শিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

এ ছাড়া সেবা প্রদানে সম্মিলিতভাবে নৈতিকতা অনুসরণ ও শুদ্ধাচার চর্চার বিষয়ে উদ্বুদ্ধকরণ, শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও অন্যান্য কার্যক্রম যথারীতি সম্পাদন, দুর্নীতিমুক্ত পরিবেশে সেবা প্রদান নিশ্চিতকরণের প্রচেষ্টা ও সচেতনতা বৃদ্ধির পদক্ষেপ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

পরিশেষে, সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় শিক্ষাবোর্ডের উত্তরোত্তর অগ্রগতি ও উন্নতির জন্য উপস্থিত সকলের সহযোগিতা কামনা করেন এবং সভায় অংশগ্রহণ ও মূল্যবান মতামত প্রদানের জন্য সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


২৪.০৭.২০২২

প্রফেসর মোঃ আবু বকর সিদ্দিক

চেয়ারম্যান

ও

সভাপতি, নৈতিকতা কমিটি

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

দিনাজপুর


২৪/০৭/২০২২

প্রফেসর মোঃ তোফাজ্জুর রহমান
পরীক্ষা নিয়ন্ত্রক ও সচিব (অঃদাঃ)

ও

সদস্য সচিব, নৈতিকতা কমিটি
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

দিনাজপুর

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

১. পরীক্ষা নিয়ন্ত্রক ও সচিব (অঃদাঃ), অত্র শিক্ষা বোর্ড।
২. কলেজ পরিদর্শক, অত্র শিক্ষা বোর্ড।
৩. বিদ্যালয় পরিদর্শক, অত্র শিক্ষা বোর্ড।
৪. উপ-সচিব, অত্র শিক্ষা বোর্ড।
৫. হিসাব রক্ষণ অফিসার, অত্র শিক্ষা বোর্ড।
৬. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
৭. অফিস কপি।